


## চাঁদে জমি কিনেছেন সাতক্ষীরার দুই বন্ধু, হাতে পেয়েছেন দলিল

- A Monitor Desk Report

Date: 19 September, 2021



আয় আয় চাঁদ মামা টিপ দিয়ে কপালে, ছোট বেলার সেই শিশুদের ভাত খাওয়ানোর আগেই দাদিমাদের কল্পনার গানটি যেন এখন বাস্তব। কল্পনার সেই চাঁদের দেশেই জমি কেনার দাবি করেছেন বাংলাদেশের সীমান্তবর্তী জেলা সাতক্ষীরার দুই তারুণ।

সম্প্রতি চাঁদে জমি বিক্রি করা মার্কিন নাগরিক ডেনিস হোপের 'লুনার অ্যান্ডারস' থেকে এক একর জমি কিনেছেন দুই বন্ধু এস এম শাহিন আলম ও শেখ শাকিল হোসেন। মাত্র ৩৮ ডলারে জমি কেনেন দুই বন্ধু। একইসঙ্গে, ক্রয়কৃত জমির কাগজপত্র প্রস্তুত করতে খরচ হয়েছে ১৭ ডলার। মোট ৫৫ ডলার দিয়ে চাঁদের দেশে এক একর জমি কিনতে বাংলাদেশি টাকায় খরচ হয়েছে ৪ হাজার ৯২২ টাকা।

বুধবার (১৫ সেপ্টেম্বর) সেই জমির দলিলও পেয়েছেন তারা। চাঁদের ম্যাপেও উল্লেখ রয়েছে কোথায় তাদের জমি। যে প্রতিষ্ঠান থেকে চাঁদে এর আগে জমি কিনেছেন সাবেক তিন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ, জিমি কার্টার ও রোলান্ড রিগ্যান, সেই প্রতিষ্ঠানের মালিক ডেনিস হোপের কাছ থেকেই জমি কিনেছেন সাতক্ষীরার শ্যামনগর উপজেলার পাতাখালি গ্রামের এস এম শাহিন আলম ও সাতক্ষীরা সদর উপজেলার জোড়দিয়া গ্রামের শেখ শাকিল হোসেন।

এ ব্যাপারে এস এম শাহিন আলম বলেন, 'আমেরিকার সাবেক প্রেসিডেন্ট থেকে শুরু করে প্রতিবেশী দেশ ভারতের অনেক বিখ্যাত ব্যক্তির চাঁদে জমি কিনেছেন। চাঁদে আমাদের জমি থাকবে, এমন শখ থেকেই খোঁজখবর নিতে শুরু করি এবং সকল প্রক্রিয়া সম্পন্ন করি।

শেখ শাকিল হোসেন জানান, কল্পরাজ্যের চাঁদের দেশে এক টুকরো জমি কিনতে পেরে আমরা দারুণ উচ্ছসিত। খুব সম্ভবত, আমরাই প্রথম বাংলাদেশি যারা চাঁদে জমি কিনেছি।

চাঁদে জমি কেনার জন্য মার্কিন নাগরিক ডেনিস হোপের 'লুনার অ্যান্ডারস' সবচেয়ে জনপ্রিয় কোম্পানি। যার বাংলা অর্থ 'চন্দ্রা দূতাবাস'। তাদের তথ্যানুযায়ী, চাঁদে জমির দাম একর প্রতি ২৪.৯৯ ডলার থেকে সর্বোচ্চ ৪৯৯ মার্কিন ডলার। বাংলাদেশি মুদ্রায় যা প্রায় ২১২৫ টাকা থেকে

৪২৪৩৭ টাকা।

জানা গেছে, জমি ক্রয়ের পর ক্রেতাকে একটি বিক্রয় চুক্তি, ক্রয়কৃত জমির একটি স্যাটালাইট ছবি এবং জমিটির ভৌগলিক অবস্থান ও মৌজা-পার্চার মতো আইনি নথিও পাঠিয়ে থাকে সংস্থাটি। এছাড়া, কেউ যদি আরো একটু ব্যয় করতে রাজি থাকে, তাহলে তাদের জন্য চাঁদের সম্পূর্ণ মানচিত্র এবং অন্যান্য তথ্যও সরবরাহ করা হয়।

চাঁদে জমি কেনা এস এম শাহিন আলম সাতক্ষীরা সরকারি কলেজের উদ্ভিদবিজ্ঞান বিভাগ ও শেখ শাকিল হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী।